

# **া** মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৫১৫

পর্ব-২৭: ফিতনাহ (كتاب الْفَتَن)

পরিচ্ছেদঃ তৃতীয় অনুচ্ছেদ - কিয়ামত নিকটবর্তী হওয়া এবং যে ব্যক্তি মৃত্যুবরণ করল তখন হতেই তার কিয়ামত সংঘটিত হয়ে গেল।

اَلْفَصِيْلُ الثَّالِثُ ( بَابُ قُرْبِ السَّاعَةِ وَأَنَّ مَنْ مَاتَ فَقَدْ قَامَت قِيَامَته)

## আরবী

عَنْ أَنَسٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «مَثَلُ هَذِهِ الدُّنْيَا مَثَلُ ثَوْبٍ شُقَّ مِنْ أَوَّلِهِ إِلَى آخِرِهِ فَيُوشِكُ ذَلِكَ الْخَيْطُ أَنْ يَنْقَطِعَ» . رَوَاهُ الْبَيْهَقِيُّ فِي «شُعَبِ الْإِيمَانِ» الْبَيْهَقِيُّ فِي «شُعَبِ الْإِيمَانِ»

اسناده ضعيف ، رواه البيهقى فى شعب الايمان (10240 ، نسخة محققة : 9759) \* فيه يحيى بن سعيد العطار وهو ضعيف و شيخه ابو سعيد خلف بن حبيب : لم اعرفه و للحديث شاهد ضعيف جدًا عند ابى نعيم فى الحلية (8 / 131) تنبيه : طبع فى شعب الايمان (نسخة دار الكتب العلمية) :" يحيى بن سعيد القطان " وهو خطاء و الصواب " يحيى بن سعيد العطار " كما فى النسخة المحققة و انظر قصر الامل لابن ابى الدنيا (2 / 13 / 1) و السلسلة الضعيفة (1970) -

#### বাংলা

৫৫১৫-[৭] আনাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ (সা.) বলেছেন: এ দুনিয়ার স্থায়িত্বের উপমা হলো একটি কাপড়ের ন্যায় যা একপ্রান্ত হতে আরেক প্রান্ত পর্যন্ত ছিড়ে গেছে সামান্য কিছু অংশ ছাড়া, আর ওই অবশিষ্টাংশটুকুও অচিরেই ছিড়ে যাবে। (বায়হাক্কী'র শুআবল ঈমান)

# ফুটনোট



যঈফ: শুআবূল ঈমান ১০২৪০, য'ঈফুল জামি ৫২৫১। কারণ ইয়াহইয়া ইবনু সা'ঈদ আল 'আত্বা য'ঈফ, য'ঈফাহ ১৯৭০।

### ব্যাখ্যা

ব্যাখ্যা: (مَثَلُ هَذِهِ الدُّنْيَا مَثَلُ ثَوْبٍ شُقَّ مِنْ أَوَّلِهِ إِلَى آخِرِهِ) এই দুনিয়ার উদাহরণ একটি কাপড়ের ন্যায় যার শুরু থেকে শেষ পর্যন্ত কেটে দুই টুকরা করা হয়েছে। শুধু একটি সুতার সাথে ঝুলে আছে। অচিরেই ঐ সুতাও ছিড়ে যাবে। অর্থাৎ দুনিয়ার জীবন খুবই কম সময়ের জন্য। যা দ্রুতই শেষ হয়ে যাবে। এরপরই আসবে আখিরাতের জীবন যা হবে চিরস্থায়ী। তথায় কেউ সৌভাগ্যবান হবে আবার কেউ হবে হতভাগা। (মিরকাতুল মাফাতীহ)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন